মডেল টেস্ট– ১২

বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

একজন পথিকের সকাল থেকে দুপুর পর্যন্ত পথ হাঁটার কারণে ভীষণ তেষ্টা পায়। কিন্তু কোথাও জল মেলে না। কারণ গেরস্তরা এখনো ঘুমোচ্ছে বলে সে জল চাইতে গেলে তারা রেগে তেড়ে আসতে পারে। পথিক যাকেই দেখে তার কাছেই জলের খোঁজ করে। কিন্তু প্রত্যেকেই তার জল চাওয়ার কথা বলার মধ্যে নানারকম খুঁত বা সমস্যা ধরে বিভিন্ন রকম ঝামেলা করে। একজন ঝুড়িওয়ালাকে জল পাই কোথায় জিজ্ঞাসা করতেই সে বলে, এখন জলপাই কোথাও পাওয়া যাবে না। আবার একজন বৃদ্ধের কাছে জলের খোঁজ চাইতেই সে বাজ্যের সকল জলের স্বাদ নিয়ে নাড়াচাড়া করে। এমনি করে নানাজনের কাছে বিড়ম্বিত হয়ে শেষে পথিক একজন বিজ্ঞানীর কাছে বুদ্ধি করে দূষিত জল ও বিশুদ্ধ জল দেখাতে বলে এবং দেখানোর পর বিশুদ্ধ জল পান করে তার তেষ্টা মিটিয়ে নেয়।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি মূলত কোন বিষয় নিয়ে লেখা?

ⓚ জলের সংকট ⓚ বিশুদ্ধ জলের সন্ধান
ⓖ জলের স্বাদ আবিষ্কার ⓖ তৃষ্ণা নিবারণ

(ii) পথিক দ্বিতীয়বার কার কাছে জল চায়?

ⓚ বৃদ্ধের ⓚ ঝুড়িওয়ালার
ⓖ মামার ⓖ বালকের

(iii) পথিক কী দেখতে চায়?

ⓚ মিষ্টি এক গেলাস খাবার জল ⓚ দুর্গন্ধমুক্ত এক গেলাস খাবার জল
ⓖ খাঁটি এক গেলাস খাবার জল ⓖ সাদা, খাঁটি চমৎকার এক গেলাস জল

(iv) পথিক কী শুনতে বিরক্তিবোধ করে?

ⓚ গল্পকথা ⓚ জ্ঞানের কথা
ⓖ জল বিশ্লেষণের কথা ⓖ জল নিয়ে নানা কথা

(v) পথিক শেষ পর্যন্ত বিজ্ঞানীর কাছ থেকে জল আদায় করে–

ⓚ টাকা দিয়ে ⓚ চুরি করে
ⓖ কৌশলে ⓖ কান্না করে

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) বিশুদ্ধ জল কাকে বলে?

(খ) পথিকের গন্তব্যে পৌঁছাতে কত সময়ের পথ বাকি ছিল? তেষ্টায় পথিকের গলা শুকিয়ে কাঠ হয়ে গেলেও সে জল খেতে পায় না কেন?

(গ) 'জল পাই' এবং 'জলপাই'-এর মধ্যে পার্থক্য কী?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) তেষ্টা; (খ) গেরস্ত; (গ) দূষিত; (ঘ) পথিক; (ঙ) বিশুদ্ধ।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

http://teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

বাংলাদেশের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ই মার্চের এক শুভক্ষণে গোপালগঞ্জ (সাবেক ফরিদপুর) জেলার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। তিনি ছাত্রজীবন থেকেই দেশ ও দেশের মানুষকে গভীরভাবে ভালোবাসতেন। মাতৃভাষা বাংলার অধিকার প্রতিষ্ঠার জন্য গঠিত সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের অন্যতম সদস্য ছিলেন শেখ মুজিবুর রহমান। ১৯৪৮ সালের ১১ই মার্চ ভাষার দাবিতে ধর্মঘট ডাকা হলে তিনি গ্রেপ্তার হন। বাঙালির অধিকার আদায়ের জন্য বার বার তাঁকে জেলে যেতে হয়। ১৯৬৬ সালের ৫ই ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে বিরোধীদলের এক সম্মেলন অনুষ্ঠিত হয়। পূর্ব পাকিস্তানের বাঙালির সব ধরনের অধিকার ফিরে পাওয়ার জন্য তিনি ৬ দফা কর্মসূচি উপস্থাপন করেন। পাকিস্তানি শাসকরা এই ৬ দফা আন্দোলনকে দমন করার জন্য শেখ মুজিবুর রহমান ও অন্যান্য নেতাদের বিরুদ্ধে ঐতিহাসিক আগরতলা মামলা দায়ের করে। এই মামলায় পাকিস্তানি শাসকদের উদ্দেশ্য ছিল শেখ মুজিবুর রহমান ও সংশ্লিষ্ট নেতৃবন্দকে গোপন বিচারের মাধ্যমে ফাঁসি দেওয়া। কিন্তু বাঙালির গণঅভ্যুত্থানের জোয়ারে ১৯৬৯ সালের ২২এ ফেব্রুয়ারি আইয়ুব খান আগরতলা মামলা প্রত্যাহার করে সব রাজবন্দীকে নিঃশর্ত মুক্তি দিতে বাধ্য হন। কারামুক্ত শেখ মুজিবকে ২৩এ ফেব্রুয়ারি রেসকোর্স ময়দানে বিশাল গণসংবর্ধনা দেওয়া হয়। এ সমাবেশে ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে তাঁকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়। ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ পাকিস্তান জাতীয় পরিষদের শতকরা আশি ভাগ আসনে বিজয়ী হয়। কিন্তু তাঁকে সরকার গঠন করতে দেওয়া হয় না। বাধ্য হয়ে তিনি পাকিস্তান সরকারের বিরুদ্ধে অসহযোগ আন্দোলন শুরু করেন। বাঙালির এই আন্দোলনকে স্তব্ধ করে দিতে ১৯৭১ সালের ২৫এ মার্চ রাতে পাকিস্তানি সেনাবাহিনী নিরস্ত্র বাঙালির উপর অতর্কিতে ঝাঁপিয়ে পড়ে ও ব্যাপক হত্যাযজ্ঞ চালায়। গ্রেফতার হন বঙ্গবন্ধু। গ্রেফতারের আগে বঙ্গবন্ধু ২৬এ মার্চ প্রথম প্রহরেই বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। শুরু হয় মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এদেশের স্বাধীনতাকামী জনগণ। নয় মাস যুদ্ধের পর ত্রিশ লক্ষ মানুষের প্রাণের বিনিময়ে ১৬ই ডিসেম্বর অর্জিত হয় বাঙালির বিজয়। বঙ্গবন্ধু দেশে ফিরে আসেন। কিন্তু স্বাধীনতার মাত্র তিন বছর পর ১৯৭৫ সালের ১৫ই আগস্ট কতিপয় বিপথগামী সেনাসদস্যের আক্রমণে ও নিষ্ঠুর আঘাতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি এ জাতির প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নিহত হন। এ জাতির ইতিহাসে বঙ্গবন্ধুর অবদান ও আত্মত্যাগ চিরকাল স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে মূলত কার সম্পর্কে বলা হয়েছে?

ক আইয়ুব খান খ মোহাম্মদ আলী জিন্নাহ্

গ শেরে বাংলা এ. কে. ফজলুল হক ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

Teachingbd.com

(ii) ছয় দফা কী?

ক আন্দোলনের রূপরেখা　　খ বাঙালি জাতির সংবিধান

গ পূর্ব পাকিস্তানের শাসনতন্ত্র　　ঘ বাঙালির অধিকার আদায়ের সনদ

(iii) বঙ্গবন্ধু ছয় দফা দাবি উপস্থাপন করেন পাকিস্তানের--

ক ইসলামাবাদে　　খ করাচিতে

গ লাহোরে　　ঘ আহমেদাবাদে

(iv) ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ শতকরা কত ভাগ আসনে বিজয় লাভ করে?

ক সত্তর ভাগ　　খ আশি ভাগ

গ নব্বই ভাগ　　ঘ আটানব্বই ভাগ

(v) 'সম্মেলন' শব্দে 'ম্ম' যুক্তবর্ণটিতে নিচের কোন বর্ণগুলো রয়েছে?

ক ম্ + ⌋ (ম-ফলা)　　খ ম্ + ন

গ ম্ + ণ　　ঘ ন্ + ন

৬। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
অবিসংবাদিত	সর্বসম্মত/বিরোধ বা মতভেদ নেই এমন
শুভক্ষণ	কল্যাণকর সময়
গোপন	লুকানো
প্রত্যাহার	ফিরিয়ে নেওয়া
বিশাল	বিরাট/বড় ধরনের
অতর্কিতে	হঠাৎ/অপ্রস্তুত অবস্থায়

(ক) পাকিস্তানিরা মামলা —— করে নিয়েছে।

(খ) পাকিস্তানিরা আমাদের ওপর —— হামলা চালিয়েছিল।

(গ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক —— নেতা।

(ঘ) পাকিস্তানিরা এদেশে আক্রমণ করার জন্য —— বৈঠক করেছিল।

(ঙ) এক —— বঙ্গবন্ধু জন্মগ্রহণ করেন।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) ছয় দফা কে উত্থাপন করেন? বাঙালি জাতির জীবনে ছয় দফার গুরুত্ব চারটি বাক্যে তুলে ধর।

(খ) ঐতিহাসিক আগরতলা মামলার উদ্দেশ্য কী ছিল? এই মামলার প্রতিক্রিয়া ও ফলাফল চারটি বাক্যে লিপিবদ্ধ কর।

(গ) কত তারিখে বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন? বাঙালি জাতি বঙ্গবন্ধুকে চিরকাল স্মরণ করবে কেন? চারটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ল্ল; (খ) ঙ্ক; (গ) স্ম; (ঘ) ষ্ব; (ঙ) ষ্ম।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

আমাদের দেশের সবচেয়ে প্রাচীন শিল্প হচ্ছে মাটির শিল্প এ দেশের কুমোর

http://teachingbd.com

সম্প্রদায় যুগ যুগ ধরে তৈরি করে আসছে মাটির জিনিস যেমন কলস হাঁড়ি সরা বাসনকোসন পেয়ালা সুরাই মটকা জালা পিঠে তৈরির নানা ছাঁচ আরও কত কী

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) জনবসতিহীন বিস্তৃত ভূমি
(খ) যা লোপ পেয়েছে
(গ) কাপড়ের লম্বা টুকরা
(ঘ) স্রোত আছে যে নদীর
(ঙ) দেশের বিরোধিতা করে যে

অথবা, নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখ :

(ক) সিংহ বলিলেই মনে হবে আফ্রিকার কথা।
(খ) বহু পূর্বে বাংলায় বর্গি আসিয়া হানা দিত।
(গ) বন্ধুর জন্য মন খারাপ হইতে থাকে তার।
(ঘ) প্রভাত বেলায় খবর নিতে ছুটিয়া যাই তার ঘরে।
(ঙ) সে হাতির কাছে আসিতে ভয় পায়।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) অপূরণীয়; (খ) আপন; (গ) ভালোবাসা; (ঘ) জোয়ার; (ঙ) চেনা।

অথবা, প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) অনুরাগ; (খ) নিথর; (গ) অন্তরীক্ষ; (ঘ) হাত; (ঙ) কথা ।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ : ৬

গাছে ডাকে শত পাখি সারাদিন ভর।
গরু ডাকে হাঁস ডাকে-ডাকে কবুতর।
গান শুনি ঘুঘু আর টুনটুনিটির।
দোয়েল চড়ুই মিলে কিচির মিচির
নিশিরাতে কুকুরের দল ডাকে জোরে।
মোরগের ডাক শুনি প্রতিদিন ভোরে।

(খ) কবিতার অংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) কবিতায় কোন কোন পশু ও পাখির কথা বলা হয়েছে? ২

১৩। মনে কর, তুমি পাথরঘাটা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। তুমি বিদ্যালয়ের পাঠাগার থেকে বই নিতে চাও। এবার প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর : ৫

পাঠাগার থেকে বই গ্রহণের ফরম

১. শিক্ষার্থীর নাম :.....
২. শ্রেণি.....রোল নং.....শাখা.....
৩. বিদ্যালয়ের নাম :.....
৪. বইয়ের নাম :.....
৫. বই গ্রহণের তারিখ : .....

....
শিক্ষকের স্বাক্ষর শিক্ষার্থীর স্বাক্ষর

http://teachingbd.com

১৪। মনে কর, তোমার নাম কমল/কমলা। তুমি রতনপুর প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। তোমরা পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা টাঙ্গাইলের তাঁত শিল্প কারখানা পরিদর্শনে যেতে চাও। এ বিষয়ে অনুমতি ও ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ। ৫

অথবা, মনে কর, তুমি ইমতিয়াজ। তোমার বন্ধু শাহ্‌নেওয়াজ। এখন তোমার বিদ্যালয়ের বিগত স্বাধীনতা দিবস উদ্‌যাপনের বর্ণনা দিয়ে তার কাছে একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) স্বাধীনতা দিবস : ভূমিকা – ঐতিহাসিক পটভূমি – উদ্‌যাপন – উপসংহার।

(খ) বৈশাখী মেলা : ভূমিকা – মেলার স্থান – ভালো লাগার কারণ – প্রাপ্ত দ্রব্যাদি – উপসংহার।

(গ) বাংলাদেশের বর্ষাকাল : সূচনা – বর্ষার সময় – বর্ষার আগমন – বর্ষার বৈশিষ্ট্য – বর্ষায় যাতায়াত ব্যবস্থা – সুবিধা – অসুবিধা – উপসংহার।

(ঘ) ক্রিকেট : ভূমিকা – উৎপত্তি – মাঠ ও খেলার উপকরণ – খেলার নিয়ম – জয়-পরাজয় – ক্রিকেটে অগ্রণী দেশ – ক্রিকেট ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ – উপসংহার।

মডেল টেস্ট - ১২ এর উত্তরমালা

১। (i) ঘ তৃষ্ণা নিবারণ; (ii) ক বৃদ্ধের; (iii) ঘ সাদা, খাঁটি চমৎকার এক গেলাস জল; (iv) গ জল বিশ্লেষণের কথা; (v) গ কৌশলে।

২। (ক) যে জল পরিষ্কার, স্বাস্থ্যকর, যাতে দুর্গন্ধ নেই, রোগের জীবাণু নেই– তাকে বিশুদ্ধ জল বলে।

(খ) পথিকের গন্তব্যে পৌঁছাতে প্রায় এক ঘণ্টার পথ বাকি ছিল। প্রচণ্ড তৃষ্ণায় পথিক জল চাইলে সবাই তার কথায় খুঁত ধরে তাকে ভুল বোঝে। কেউ জলের কোনো সন্ধান দেয় না। তাই তেষ্টায় পথিকের গলা শুকিয়ে কাঠ হয়ে গেলেও সে জল খেতে পায় না।

(গ) 'জল পাই' বলতে কোথায় জল পাওয়া যাবে তাই বোঝায়। আর 'জলপাই' হলো এক ধরনের ফল। 'জল পাই' এবং 'জলপাই' দুটো সম্পূর্ণ আলাদা জিনিস।

৩। (ক) তৃষ্ণা; (খ) গৃহস্থ; (গ) কলুষিত; (ঘ) পথচারী; (ঙ) পরিশ্রুত।

৪। একজন পিপাসার্ত পথিকের পিপাসা মেটানোর জন্য বিভিন্ন মানুষের নিকট জল চাওয়ার ঘটনা এবং বিজ্ঞানীর নিকট থেকে কৌশলে জলপানের বিষয়টি সম্পর্কে অনুচ্ছেদে বলা হয়েছে। ভীষণ তৃষ্ণার্ত একটি লোক তেষ্টায় নানান জনের কাছে গিয়ে জল চাইছে। কিন্তু কেউ তাকে জল না দিয়ে বরং তার কথা বলার মধ্যে নানান খুঁত ধরছে। শেষ পর্যন্ত বেশ বুদ্ধি খাটিয়ে ফন্দি এঁটে এক বিজ্ঞানীর নিকট থেকে জল আদায় করে।

৫। (i) ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান; (ii) ঘ বাঙালির অধিকার আদায়ের সনদ; (iii) গ লাহোরে; (iv) খ আশি ভাগ; (v) ক ম্ + ⌋ (ম-ফলা)।

৬। ক. প্রত্যাহার; খ. অতর্কিতে; গ. অবিসংবাদিত; ঘ. গোপন; ঙ. শুভক্ষণে।

http://teachingbd.com

৭। (ক) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা উত্থাপন করেন।

১. ছয় দফা পূর্ববাংলার জনগণের অর্থনৈতিক, রাজনৈতিক, সামরিকসহ সকল অধিকারের কথা তুলে ধরে।
২. এটি পরোক্ষভাবে বাঙালিদের স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করে।
৩. ছয় দফা ছিল আমাদের জাতীয় মুক্তির সনদ।
৪. বাঙালি জাতির জীবনে এর গুরুত্ব অপরিসীম।

(খ) ঐতিহাসিক আগরতলা মামলার উদ্দেশ্য ছিল বঙ্গবন্ধুসহ অন্যান্য নেতৃবৃন্দকে গোপন বিচারের মাধ্যমে ফাঁসি দেওয়া।

১. ঐতিহাসিক আগরতলা মামলার প্রতিক্রিয়ায় এদেশের সর্বস্তরের মানুষ ফুঁসে ওঠে।
২. তারা তাদের প্রিয় নেতৃবৃন্দকে মুক্ত করার জন্য সর্বাত্মক আন্দোলন গড়ে তোলে।
৩. পাকিস্তানি শাসকগোষ্ঠী এই আন্দোলনে ভীত হয়।
৪. ফলে তারা বঙ্গবন্ধুসহ সকল রাজনৈতিক বন্দীকে নিঃশর্ত মুক্তি দিতে বাধ্য হয়।

(গ) ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন।

১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন বাঙালির অধিকার আদায়ে সদা সোচ্চার।
২. তিনি ১৯৭১ সালে ৭ই মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে এক ঐতিহাসিক ভাষণ দেন।
৩. তাঁর এই ভাষণে উদ্বুদ্ধ হয়েই বীর বাঙালি স্বাধীনতা ছিনিয়ে আনে।
৪. এ কারণেই বাঙালি জাতি চিরকাল বঙ্গবন্ধুকে স্মরণ করবে।

৮।

প্রদত্ত যুক্তবর্ণ	বিভাজন	বাক্য
(ক) ল্ল	ল্ + ল	স্রোতের কল্লোল ধ্বনিতে মন ভরে যায়।
(খ) ঙ্ক	ঙ্ + ক	ভয়ঙ্কর প্রাণীরাও পরিবেশের জন্য প্রয়োজনীয়।
(গ) স্ম	স্ + ্ম (ম-ফলা)	মুক্তিযুদ্ধের গল্প শুনে শিক্ষার্থীদের মনে বিস্ময় জাগে।
(ঘ) ম্ব	ম্ + ্ব (ব-ফলা)	মুক্তিযুদ্ধের সময় অনেক মানুষ সহায় সম্বল হারিয়েছে।
(ঙ) ষ্ম	ষ্ + ্ম (ম-ফলা)	গ্রীষ্মকালে প্রচুর গরম পড়ে।

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ৮ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) প্রান্তর; (খ) বিলুপ্ত; (গ) পটি; (ঘ) স্রোতস্বিনী; (ঙ) দেশদ্রোহী।

অথবা, (ক) সিংহ বললেই মনে হবে আফ্রিকার কথা।
(খ) বহু পূর্বে বাংলায় বর্গি এসে হানা দিত।
(গ) বন্ধুর জন্য মন খারাপ হতে থাকে তার।
(ঘ) প্রভাত বেলায় খবর নিতে ছুটে যাই তার ঘরে।
(ঙ) সে হাতির কাছে আসতে ভয় পায়।

১১। (ক) পূরণীয়; (খ) পর; (গ) ঘৃণা; (ঘ) ভাটা; (ঙ) অচেনা।

অথবা, (ক) আদর; (খ) স্থির; (গ) আকাশ; (ঘ) পানি; (ঙ) বচন।

http://teachingbd.com